


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা

স্মারক নং-৪৫.১৩৯.১১৬.০০.০০.১৪২.২০১২/ ৬৪২৬

তারিখঃ ০৭-০৮-২০১৬খ্রিঃ

উপর্যুক্ত অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।


(আবেদা আকতার)
উপসচিব
ফোন-৯৫১২২১২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। অধ্যক্ষ,-----মেডিকেল কলেজ,-----
- ৫। পরিচালক,-----মেডিকেল কলেজ হাসপাতাল,-----
- ৬। পরিচালক,-----
- ৭। তত্ত্বাবধায়ক, ২০০শয্যা বিশিষ্ট হাসপাতাল,-----
- ৮। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪/১৪, ইম্পাহানী ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৯। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ১০। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। প্রধান গ্রন্থাগারিক, জাতীয় স্বাস্থ্য গ্রন্থাগার ও দলিল সংরক্ষণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ১৩। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার,-----
- ১৪। পোর্ট হেলথ অফিসার,-----
- ১৫। -----

অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। (দৃঃ আঃ যুগ্মসচিব, বাজেট অনুবিভাগ-১, শাখা-২)
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইডে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
www.mof.gov.bd
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

অফিস স্মারক

তারিখঃ ২৪.০৭.২০১৬খ্রিঃ

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক তহবিল/ফান্ড গঠন ও পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি কোন কোন মন্ত্রণালয়/বিভাগ বা অধিদপ্তর সুনির্দিষ্ট কর্তৃপক্ষ সৃষ্টির বিধান না রেখে বিভিন্ন আইনের আওতায় তহবিল/ফান্ড গঠন করছে। তহবিল/ফান্ড গঠনের এহেন উদ্যোগ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর অনুচ্ছেদ ৮৪(১) এর সাথে সাংঘর্ষিক। সরকারের আয়-ব্যয় নির্বাহের উদ্দেশ্যে পরিচালিত তহবিল সম্পর্কে সংবিধানের অনুচ্ছেদ ৮৪ (১) এ বলা হয়েছে যে- “সরকার কর্তৃক প্রাপ্ত সকল রাজস্ব, সরকার কর্তৃক সংগৃহীত সকল ঋণ এবং কোন ঋণ পরিশোধ হইতে সরকার কর্তৃক প্রাপ্ত সকল অর্থ একটি মাত্র তহবিলের অংশে পরিণত হইবে এবং তাহা ‘সংযুক্ত তহবিল’ নামে অভিহিত হইবে”। সংবিধানের বর্ণিত অনুচ্ছেদের বাধ্যবাধকতার কারণেই সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর, পরিদপ্তর ও অধস্তন অফিসসমূহ তাদের সংগৃহীত রাজস্ব সরাসরি সংযুক্ত তহবিলে জমা দেয় এবং সরকারের বাজেট ও হিসাব প্রক্রিয়ার অধীনে থেকে একই তহবিল হতে ব্যয় নির্বাহ করে থাকে।

২। সংবিধানের নির্দেশনা অনুসরণ ব্যতিরেকে বিভিন্ন আইনের আওতায় এবং ক্ষেত্রবিশেষে নির্বাহী আদেশে সুনির্দিষ্ট আইনি কাঠামো, যথা- তহবিল পরিচালনা কর্তৃপক্ষ (Governing Body), পরিচালনা কাঠামো, বার্ষিক হিসাব, নিরীক্ষা, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি অত্যাবশ্যিকীয় উপাদানসমূহ সম্বলিত আইনি বিধান না রেখে যে তহবিল/ফান্ড গঠন করা হয়, তা দায়বদ্ধহীনভাবে সরকারি তহবিল গঠন ও পরিচালনায় সুযোগ সৃষ্টি করে। পাশাপাশি, এ প্রক্রিয়ায় তহবিলের জন্য সংগৃহীত অর্থ ও এর ব্যয় সংসদের নিকট সরকারের দায়বদ্ধতার (Parliamentary Accountability) পরিকাঠামো বহির্ভূত থেকে যায়, যা অনভিপ্রেত।

৩। সরকারের কার্যপ্রণালী বিধি (Rules of Business) এর বিধি-১৩ অনুযায়ী এ ধরনের তহবিল/ফান্ড গঠনের পূর্বে অর্থ বিভাগের সাথে পরামর্শ করার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও কোন কোন ক্ষেত্রে অর্থ বিভাগের সাথে কোনরূপ পরামর্শ ব্যতিরেকেই তহবিল গঠনের প্রস্তাব চূড়ান্ত করা হচ্ছে। এতে অর্থ বিভাগ বিধিসম্মতভাবে তহবিল গঠন ও পরিচালনা পদ্ধতি সম্পর্কে মন্ত্রণালয়সমূহকে সঠিক পরামর্শ প্রদান করতে পারছে না। ফলে সরকারের আর্থিক ব্যবস্থাপনায় বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে।

৪। এমতাবস্থায়, তহবিল পরিচালনা কর্তৃপক্ষ (Governing Body) গঠনের মাধ্যমে তহবিল পরিচালনা, বার্ষিক হিসাব, নিরীক্ষা, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি অত্যাবশ্যিকীয় উপাদানসমূহ সম্বলিত সুনির্দিষ্ট আইনি বিধান রেখে এবং অর্থ বিভাগের সাথে পরামর্শক্রমে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক তহবিল/ফান্ড গঠন ও পরিচালনার উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

(মোঃ হাবিবুর রহমান)
যুগ্ম সচিব